



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2022

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল ৪ ডিসেম্বর নিউ ইয়র্ক সিটি সাবওয়ে রাইডারশিপ রেকর্ড সেট করার ঘোষণা দিয়েছেন**

**সাবওয়েতে 2020 সালের মার্চ মাস থেকে প্রথমবারের মতো এক দিনে 3.93 মিলিয়ন রাইডার যাতায়াত করেছে।**

**OMNY প্রতিদিন 1.5 মিলিয়নেরও বেশি ট্যাপ সহ পরপর দিনগুলোতে সাবওয়ে ট্যাপের হিসাবে একক দিনের রেকর্ডের নজির স্থাপন করেছে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা দিয়েছেন যে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি গতকাল, বৃহস্পতিবার, ৪ ডিসেম্বর, 3,925,280 জন রাইডারের একটি মহামারী-যুগের সাবওয়ে রাইডারশিপ রেকর্ডের নজির স্থাপন করেছে যা 27 অক্টোবর বৃহস্পতিবারের সেট করা আগের রেকর্ডের থেকেও শীর্ষে রয়েছে। শেষবার 12 মার্চ, 2020 তারিখে সাবওয়েগুলোতে 3.9 মিলিয়নেরও বেশি রাইডার যাতায়াত করেছিল।

OMNY এছাড়াও পাতাল রেল ট্যাপের জন্য একটি রেকর্ড স্থাপন করেছে, বুধবার, 7 ডিসেম্বর 1,514,837 টি ট্যাপ এবং বৃহস্পতিবার ৪ ডিসেম্বর 1,561,846 ট্যাপ সহ পরপর দিনগুলিতে ট্যাপে জন্য একক দিনের রেকর্ড স্থাপন করেছে। রেকর্ডগুলো পূর্ববর্তী শীর্ষ পর্যায়কে ছাড়িয়ে গেছে যা 27 অক্টোবর ধারণ করা হয়েছিল।

**গভর্নর হোচুল বলেন,** "এই রাইডারশিপ রেকর্ডটি প্রমাণ করে যে আমাদের পুনরুদ্ধার কার্যক্রম সঠিক পথেই রয়েছে।" "ট্যুরিস্টগণ নিউ ইয়র্কে ফিরে আসুক বা স্থানীয় বাসিন্দাগণ ছুটির দিনের আকর্ষণ উপভোগ করতে বের হোক না কেন, মাটির উপরে ও নিচে এই সিটির উদ্দীপনা এবং জীবনীশক্তি ফিরে এসেছে।"

**MTA সভাপতি এবং CEO জ্যানো লিয়েবার বলেন,** "নিউ ইয়র্কবাসীগণ সাবওয়েতে ফিরে আসছেন। কেন? কারণ এটি কাছাকাছি যাওয়ার সর্বোত্তম উপায় - চাকরি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, থিয়েটার, মিউজিক, নিউ ইয়র্কের অফার করা সবকিছু। ট্রেন্ডগুলো ট্রানজিট ব্যবস্থাকে সম্পূর্ণ অর্থায়নে রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে আমি যা বলেছি তার সমস্ত কিছুর ব্যাক আপ করে যাতে নিউ ইয়র্ক তার রিবাউন্ড চলমান রাখার পাশাপাশি পরিষেবা বজায় রাখা ও উন্নত করা যায়।"

**নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের প্রেসিডেন্ট রিচার্ড ডেভি বলেন,** "সাবওয়ে ব্যবহারকারীগণ যা চাইছেন: দ্রুত, পরিবেশবান্ধব এবং নিরাপদ পরিষেবা তা সরবরাহ করার জন্য NYC ট্রানজিট কর্তার পরিশ্রম করছে। যেহেতু ব্যবহারকারীগণ এই ছুটির মৌসুমে এবং 2023 সালের মধ্যে ট্রানজিটে ফিরে আসা অব্যাহত রাখছেন তাই NYC ট্রানজিটের 47,000 জন পুরুষ ও মহিলা কর্মী নিউ ইয়র্কবাসীদের প্রত্যাশা অনুযায়ী সর্বোচ্চ সেবা প্রদানের জন্য প্রস্তুত থাকবেন।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিট সিস্টেম জুড়ে OMNY ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে, প্রায় 40 শতাংশ সাবওয়ে রাইডার OMNY-এর মাধ্যমে অর্থ প্রদান করছেন। 15 সেপ্টেম্বর তারিখে, MTA গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal)-এ 500-মিলিয়নতম OMNY ট্যাপ রেকর্ডের নজির স্থাপন করেছে। জনসাধারণের নিকট একটি পাইলট পর্যায় হিসেবে এটি 2019 সালে উদ্ভোধনের পর, যোগাযোগহীন সিস্টেমের রোলআউট ডিসেম্বর 2020 সালে সম্পন্ন করা হয়েছিল। MTA-এর 472টি সাবওয়ে স্টেশন এবং 5,800টি বাস এখন প্রায় 15,000 OMNY রাইডার নিয়ে চলমান।

MTA অক্টোবর মাসে কম-ভাড়ার গ্রাহকদের জন্য OMNY-এর সম্প্রসারণ [ঘোষণা](#) করেছে, এটি ব্যক্তিগত পেমেন্ট ডিভাইসে কম ভাড়া অফার করার ক্ষেত্রে প্রথম শীর্ষ ট্রানজিট সিস্টেম হয়ে দাঁড়িয়েছে। মাত্র চার দিনে, 1,300 জনেরও বেশি কম-ভাড়া গ্রাহক মেট্রোকার্ড থেকে OMNY-তে চলে এসেছেন যা OMNY ব্যবহার করা মোট প্রায় 2,800 জন কম-ভাড়ার গ্রাহকে পৌঁছেছে যার মধ্যে সফট লঞ্চ অংশগ্রহণকারীগণ অন্তর্ভুক্ত রয়েছে।

কম-ভাড়ার গ্রাহকগণ OMNY ডিজিটাল সহকারীর মাধ্যমে নির্বিঘ্নে মেট্রোকার্ড থেকে OMNY-তে সুইচ করতে পারেন যা [OMNY.info](#) ঠিকানায় 24/7 পাওয়া যায়। যে গ্রাহকগণ OMNY-তে সুইচ করতে চান তাদের জন্য কিভাবে করা যায়-বিষয়ক একটি ভিডিওটি [এখানে](#) দেখা যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418